শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-০৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.০৬.০০১.২১.৫

তারিখ: ২৯ পৌষ ১৪২৭
১৩ জানুয়ারি ২০২১

বিষয়: **নতুন এমপিওভূক্ত মাদ্রাসার শিক্ষক/কর্মচারীদের নিয়োগ কমিটিতে ডিজি মহোদয়ের প্রতিনিধি হিসেবে সিলেট সরকারি আলিয়া মাদ্রাসার প্রতিনিধির মাধ্যমে নিয়োগপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীদের এমপিওভূক্তির বিষয়ে টিএমইডি এর নির্দেশনা/সিদ্ধান্ত প্রদান।**

সূত্র: ১. মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০৪৭.২০-৪৬৪, তারিখ: ০৭.১২.২০২০খ্রি.।
২. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারীকৃত বিজ্ঞপ্তি, তারিখ: ৩১.০৫.২০০০খ্রি.।
৩. আঞ্চলিক উপ-পরিচালক সিলেট এর স্মারক নং-৩৭.০২.০০০০.০০০.১৯.০১২.২০.৪২২, তারিখ: ০৫.১১.২০২০খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে নতুন এমপিওভূক্ত মাদ্রাসার শিক্ষক/কর্মচারীদের নিয়োগ কমিটিতে ডিজি মহোদয়ের প্রতিনিধি হিসেবে সিলেট সরকারি আলিয়া মাদ্রাসার প্রতিনিধির মাধ্যমে নিয়োগপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীদের এমপিওভূক্তির বিষয়ে টিএমইডি এর নির্দেশনা/সিদ্ধান্ত প্রদানের জন্য সূত্রস্থ স্মারকে এ বিভাগে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর পত্র প্রেরণ করেছেন। পত্রে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের প্রদত্ত তথ্যাদি নিম্নরূপ:

(ক) বেসরকারি কামিল, ফাযিল ও আলিম মাদ্রাসার শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারী নিয়োগের ক্ষেত্রে নির্বাচনী কমিটিতে সংশ্লিষ্ট জেলার/নিকটস্থ সরকারী কলেজের অধ্যক্ষ/উপাধ্যক্ষ/সহযোগী অধ্যাপক (যথাসম্ভব বিষয়ভিত্তিক) এবং দাখিল মাদ্রাসা/সকল মাদ্রাসার দাখিল স্তরে শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারী নিয়োগের ক্ষেত্রে নির্বাচনী কমিটিতে সংশ্লিষ্ট জেলার/নিকটস্থ সরকারি স্কুলের প্রধান শিক্ষক মহাপরিচালকের প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করবেন মর্মে সূত্রস্থ-২ নং স্মারকে উল্লেখ আছে।

(খ) উক্ত আদেশে সরকারি আলিয়া মাদ্রাসা সিলেট হতে মহাপরিচালকের প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করার কোন আদেশ না থাকায় নতুন এমপিওভূক্ত মাদ্রাসার শিক্ষক/কর্মচারীদের নিয়োগ কমিটিতে ডিজি মহোদয়ের প্রতিনিধি হিসেবে সিলেট সরকারি আলিয়া মাদ্রাসার প্রতিনিধির মাধ্যমে ২০০৮ সালের পূর্বে নিয়োগপ্রাপ্ত নিম্নবর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের এমপিওভূক্তির বিষয়ে আঞ্চলিক উপপরিচালক সিলেট কর্তৃক গত ০৫.১১.২০২০খ্রি. তারিখের নং-৩৭.০২.০০০০.০০০.১৯.০১২.২০.৪২২ সংখ্যক স্মারকে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর নিকট নির্দেশনা কামনা করা হয়েছে।

| ক্রম. | প্রতিষ্ঠানের নাম | উপজেলা | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | মাদ্রাসা-এ-তৈয়বিয়া তাহরিয়া হেলিমিয়া সুন্নিয়া | সদর | সিলেট | উক্ত প্রতিষ্ঠানসমূহের শিক্ষক/কর্মচারীদের নিয়োগ কার্যক্রমে সিলেট সরকারি আলিয়া মাদ্রাসার সহকারী অধ্যাপক/প্রভাষক ডিজি মহোদয়ের প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করেছেন। |
| ২. | ইলাইগঞ্জ হিফজুল কোরআন দাখিল মাদ্রাসা | দক্ষিণ সুরমা | সিলেট | |
| ৩. | লতিফিয়া ইরশাদিয়া দাখিল মাদ্রাসা | বিশ্বনাথ | সিলেট | |
| ৪. | হযরত শাহচান্দ শাহকালু ইসলামিয়া আলিম মাদ্রাসা | বিশ্বনাথ | সিলেট | |
| ৫. | ভাদেশ্বর হাফিজিয়া দাখিল মাদ্রাসা | গোপালগঞ্জ | সিলেট | |
| ৬. | বারহাল আলিম মাদ্রাসা | গোয়াইনঘাট | সিলেট | |
| ৭. | হাতিয়া পীর আকিলশাহ নেছারিয়া দাখিল মাদ্রাসা | দিরাই | সুনামগঞ্জ | |
| ৮. | কালারুখা লতিফিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা | ছাতক | সুনামগঞ্জ | |
| ৯. | গাবুরগাঁও দারুল কোরআন দাখিল মাদ্রাসা | ছাতক | সুনামগঞ্জ | |
| ১০. | রাধানগর মোহাম্মাদিয়া দাখিল মাদ্রাসা | ছাতক | সুনামগঞ্জ | |
| ১১. | নরসিংহপুর আদর্শ দাখিল মাদ্রাসা | দোয়ারা বাজার | সুনামগঞ্জ | |
| ১২. | পীরেরগাঁও সুন্নিয়া দাখিল মাদ্রাসা | জগন্নাথপুর | সুনামগঞ্জ | |

(গ) উল্লেখ্য উক্ত প্রতিষ্ঠানগুলো ইতোমধ্যে এমপিওভূক্ত হয়েছে।

(ঘ) উল্লিখিত অধিকাংশ প্রতিষ্ঠানসমূহে নিয়োগ বোর্ডে ডিজি, ডিএমই মহোদয়ের প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ আব্দুল মোছাব্বির, প্রভাষক/সহকারী অধ্যাপক, সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট। ইতিমধ্যে উল্লিখিত প্রতিষ্ঠানসমূহের কর্মরত শিক্ষক কর্মচারীদের নিয়োগ প্রক্রিয়া, ডিজি মহোদয়ের প্রতিনিধিদের স্বাক্ষর ও কর্মকালীন সময়ে উপস্থিত যাচাইপূর্বক সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারগণ আঞ্চলিক উপপরিচালক, সিলেট বরাবর প্রতিবেদন দাখিল করা হয়েছে।

(ঙ) বর্ণিত মাদ্রাসাসমূহের শিক্ষক/কর্মচারীদের এমপিওভূক্তির নিমিত্ত আঞ্চলিক উপপরিচালক, সিলেট নিম্নোক্ত মতামত প্রদান করেছেন মর্মে ডিজি, ডিএমই এর পত্রে জানানো হয়েছে:

"মাধ্যমিক/সমমান পর্যায়ের মাদ্রাসাসমূহের নিয়োগ কার্যক্রমে ডিজি মহোদয়ের প্রতিনিধি হিসেবে স্থানীয় সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক দায়িত্ব পালন করার বিধান থাকলেও বর্ণিত মাদ্রাসাসমূহে শিক্ষক/কর্মচারী নিয়োগকালে ডিজি মহোদয়ের প্রতিনিধির দায়িত্ব পালনকারী ব্যক্তি বিসিএস (সাধারণ শিক্ষক) ক্যাডারভূক্ত ও সিলেট সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট এর প্রভাষক/সহকারী অধ্যাপক। তাই নিয়োগপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীদের এমপিওভূক্তির বিষয়টি সদয় বিবেচনা করা যেতে পারে।

০২. উল্লেখ্য বর্ণিত মাদ্রাসার শিক্ষকগণ প্রত্যেকের ক্ষেত্রে প্রযোজ্য- নীতিমালার আ্ওতায় নিয়োগ পেয়ে থাকলে,উক্ত নীতিমালার আ্ওতায় তাদের নিয়োগ সঠিক হলে এবং উক্ত শিক্ষকগণের নিয়োগ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর সৃষ্টির পূর্বে সম্পন্ন হয়ে থাকলে এদের এমপ্ওিভূক্তির জন্য টিএমইডির নির্দেশনার প্রয়োজন কেন {কারন কর্ম পরিধি অনুযায়ী মাদরাসার জনবল (প্রতিষ্ঠান নয়) এমপিওভূক্তির এক্তিয়ার,ডিজি,ডিএমই এর রয়েছে} এ বিষয়ে ডিজিডিএমই এর মতামত আবশ্যক।

০৩. অধিকন্তু ২০০৮ সনের পূর্বে নিয়োগ পাওয়ার পর ১২ বৎসর অতিক্রান্ত হওয়া সত্বেও উক্ত শিক্ষকগণ কেন এমপিওভূক্ত হতে ব্যর্থ হয়েছেন এ বিষয়ে তথ্য প্রমানক ডিজিএমই এর মতামত প্রয়োজন।

০৪. এমতাবস্থায়, অনুচ্ছেদ ০২ এবং ০৩ এর আলোকে মতামত (আগামি ১৯.০১.২১ এর মধ্যে) টিএমইডিতে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৩-১-২০২১
সৈয়দ আসগর আলী
সহকারী সচিব

মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.০৬.০০১.২১.৫/১(৪)

তারিখ: ২৯ পৌষ ১৪২৭
১৩ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২) সিস্টেম এনালিষ্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩) অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৪) অফিস কপি।

১৩-১-২০২১
সৈয়দ আসগর আলী
সহকারী সচিব